

একাদশে ভর্তিতে আবেদন ছাড়াল ১০ লাখ



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৪ জুন ২০২৪ | ২১:২৩



একাদশ শ্রেণিতে ভর্তির জন্য এক সপ্তাহে অনলাইনে আবেদন করেছে ১০ লাখ ১৮ হাজার ৭৫০ শিক্ষার্থী। তাদের মধ্যে ১০ লাখ ৫ হাজার ৪৫৮ জন ইতোমধ্যে ফি পরিশোধ করেছে। এবার ৫৫ লাখ ৫৫ হাজার ২৫৪টি ইএসভিজি চয়েস (কলেজ পছন্দ) দাখিল করেছে আবেদনকারীরা।

সোমবার রাত পৌনে ১০টা পর্যন্ত এ হালনাগাদ তথ্য মিলেছে ভর্তি প্রক্রিয়ার সমন্বয়ক ঢাকা শিক্ষাবোর্ড ও একাদশ শ্রেণিতে ভর্তির ওয়েবসাইট থেকে।

তিন ধাপের ভর্তি প্রক্রিয়ার মধ্যে প্রথম ধাপে আবেদন কার্যক্রম আগামী ১১ জুন পর্যন্ত চলবে।

শিক্ষাবোর্ড জানিয়েছে, ভর্তিছু শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করে পেমেন্ট করতে পারছিল না। রোববার সেই সমস্যার সমাধান করা হয়েছে। এখন আবেদনকারীরা ফি বিকাশের মাধ্যমে সরাসরি পরিশোধ করতে পারছে। ফি পরিশোধের পর একাদশ শ্রেণিতে স্মার্ট ভর্তির সিস্টেমে লগ ইন করে পোর্টাল থেকে নিশ্চিত হতে পারবে তার পেমেন্ট সম্পন্ন হয়েছে কিনা। তবে ফি আগে না দিলেও আবেদন করা যাচ্ছে। সেক্ষেত্রে অবশ্যই আবেদনের পর নির্দিষ্ট সময়সীমার মধ্যে ফি পরিশোধ করতে হবে। রক্ষণাবেক্ষণের জন্য প্রতিদিন রাত ১০টা থেকে ১টা পর্যন্ত বন্ধ থাকবে ওয়েবসাইট।

এর আগে, সার্ভার জটিলতার কারণে একাদশ শ্রেণির ভর্তি আবেদন যথাসময়ে শুরু হয়নি। পূর্বঘোষিত তারিখ ও সময় অনুযায়ী গত ২৬ মে সকালে ভর্তি আবেদন শুরুর কথা ছিল। তবে সে সময় অনেকে ওয়েবসাইটে প্রবেশে জটিলতায় পড়েছে। পরে 'লিঙ্গ অপশন'সহ অন্য

সমস্যার সমাধান করলে আবেদন প্রক্রিয়া স্বাভাবিক হয়।